**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 04.04.2025** **Desk in Charge : SDG**
**Time : 7.50 PM** **Compiling : DSS**
**DEO: KB** **NR: DSS**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ সুপ্রিম কোর্টের রায়ের প্রেক্ষিতে প্রায় ২৬ হাজার শিক্ষক-শিক্ষাকর্মীর চাকরী বাতিলের পর সমাজের বিভিন্ন স্তরে তীব্র আলোড়ন চলছে।

# শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বলেছেন, সরকার চাকরী হারানো যোগ্য শিক্ষকদের পাশে থাকবে। # বিজেপি, চাকরী হারানো শিক্ষকদের তৃণমূল কংগ্রেসের দলীয় তহবিল এবং মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে আর্থিক সহায়তা দেওয়ার দাবী জানিয়েছে।

২/ প্রাথমিকের ডিএলএড মামলায় সুপ্রিম কোর্ট জানিয়েছে, এই প্রসঙ্গে কলকাতা হাইকোর্টের সিঙ্গল বেঞ্চের রায় মেনেই নিয়োগ করা যাবে।

৩/ উত্তর ২৪ পরগণার রাজারহাটের দক্ষিণ নারায়নপুরে আজ দুপুরে তৃণমূল কংগ্রেসের দুটি গোষ্ঠীর মধ্যে সংঘর্ষে ব্যাপক উত্তেজনা ছড়ায়।

৪/ রামনবমীকে কেন্দ্র করে কোনোরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে রাজ্য সরকার বিভিন্ন স্পর্শকাতর জেলায় বাড়তি নজরয়াদারির সিদ্ধান্ত নিয়েছে।

৫/ রাজ্যের সাঁওতালডিহি তাপবিদ্যুৎ কেন্দ্র, বিদ্যুৎ মন্ত্রকের অধীনস্ত সেন্ট্রাল ইলেকট্রিসিটি মন্ত্রকের বিচারে দেশের সেরার শিরোপা পেয়েছে।

*******************************************************************

সুপ্রিম কোর্টের রায়ে প্রায় ২৬ হাজার শিক্ষক-শিক্ষাকর্মীর চাকরী বাতিলের পর আজ'ও সমাজের বিভিন্ন স্তরে তীব্র আলোড়ন চলেছে। সংসদের উচ্চকক্ষে আজ বিষয়টি উত্থাপন করেন বিজেপি সাংসদ লক্ষীকান্ত বাজপেয়ী। নিয়োগের ক্ষেত্রে সরকারী নিয়ম মানা হয়নি বলে তাঁর অভিযোগ। এর প্রতিবাদে সরব হন তৃণমূল কংগ্রেস সাংসদরা। এদিকে, মুখ্যমন্ত্রীর নির্দেশ মতো সরকার যোগ্য চাকরি হারানো শিক্ষকদের পাশে থাকবে বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু আশ্বাস দিয়েছেন। তিনি আজ সাংবাদিকদের কাছে দাবি করেন, SSC, যোগ্য ও অযোগ্য প্রার্থীদের ভাগ করতে পারেনি বলে যে প্রচার চালানো হচ্ছে, তা' ঠিক নয়। বরং আদালতই তা' নিয়ে সন্তুষ্ট হতে পারেনি। যারা যোগ্য ও বঞ্চিত, সহানুভূতির সঙ্গে তাঁদের দিকটি বিবেচনা করার জন্য তিনি সকলের প্রতি আবেদন জানান। সেইসঙ্গে মুখ্যমন্ত্রীর ওপর ভরসা রাখতে'ও চাকরী হারা শিক্ষকদের আবেদন জানান শিক্ষামন্ত্রী। এই রায় পুনর্বিবেচনা করার জন্য ফের সুপ্রিম কোর্টে আবেদন জানানো হবে কিনা, সে সিদ্ধান্ত SSC-র বলেও মন্তব্য করেন তিনি।

( বাইট- ব্রাত্য বসু )

অন্যদিকে, স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, সুপ্রিম কোর্টের আদেশ মত নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য SSC-কে চিঠি দিয়েছে রাজ্য সরকার। এ ব্যাপারে আইনি পরামর্শ নেওয়া হচ্ছে। কমিশন নিয়োগ প্রক্রিয়া শুরু করার জন্য যুদ্ধকালীন পরিস্থিতিতে কাজ করছে। যোগ্য প্রার্থীদের যে সুযোগ-সুবিধার কথা আদালত বলেছে, সে কথা মাথায় রেখেই নিয়োগ করা হবে বলে তিনি আশ্বাস দেন। পাশাপাশি, কেউ অন্য কোন সরকারি প্রতিষ্ঠান থেকে চাকরি ছেড়ে এলে, তাঁকে পুরনো জায়গায় আবেদন জানাতে হবে বলেও চেয়ারম্যান জানিয়েছেন।

( বাইট- সিদ্ধার্থ )

**********************

বিজেপি, চাকরী বাতিল হওয়া প্রার্থীদের দায়দায়িত্ব নেওয়া এবং মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবি জানিয়েছে। দিল্লিতে আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এবং দলের জাতীয় মুখপাত্র সম্বিত পাত্র বলেন, এই

চাকরি বাতিলের জন্য পুরোপুরি ভাবে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিই দায়ী। তাই যেসব প্রার্থীর বেতন বন্ধ হয়ে যাবে তাদের, তৃণমূল কংগ্রেসের দলীয় তহবিল এবং মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে বেতন ও আর্থিক সহায়তা দেওয়ার দাবি জানান তারা। শ্রী মজুমদার দাবী করেন, নিয়োগ দুর্নীতির যাবতীয় অর্থ তৃণমূল কংগ্রেসের তহবিলে জমা পড়েছে। ( বাইট- সুকান্ত মজুমদার)

পাশাপাশি যোগ্য প্রার্থীদের বাঁচাতে পুনরায় উদ্যোগ নেওয়া এবং আদালত তিন মাস পর যোগ্য প্রার্থীদের আবারো পরীক্ষা নেওয়ার যে নির্দেশ দিয়েছে,সেক্ষেত্রে স্কুল সার্ভিস কমিশনের নিয়মে পরিবর্তন এনে প্রার্থীদের অতিরিক্ত নম্বর দেওয়ার দাবি জানানো হয়েছে। বিজেপি রাজ্য সভাপতি আরও অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী রাজ্যকে শপিং মলে পরিণত করেছেন, যেখানে চাকরি, শিক্ষক, বালি, পাথর সব বিক্রি হয়।

অন্যদিকে, চাকরি বাতিল হওয়া যোগ্য চাকরিপ্রার্থীদের পৃথকভাবে আদালতের দ্বারস্থ হওয়ারও আবেদন জানিয়েছে বিজেপি। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বিধানসভার বাইরে আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, যেসব যোগ্য প্রার্থীর কাছে সঠিক OMR শিট রয়েছে, তারা পৃথকভাবে আদালতে আবেদন করতে পারবেন। শ্রী অধিকারী অভিযোগ করেন, আদালতের রায়ে রাজ্য সরকারের অসহযোগিতা এবং ১৭ দফা দুর্নীতির উল্লেখ রয়েছে। তাই মন্ত্রিসভার যেসব সদস্য সুপার নিউমারিক পোস্ট তৈরি করেছিলেন, তাদের প্রত্যেককে গ্রেফতার করা উচিত।

( বাইট- শুভেন্দু )

এদিকে বিজেপির বিকাশ ভবন অভিযানকে ঘিরে আজ সল্টলেকের করুণাময়ী চত্বরে আজ উত্তেজনা দেখা দেয়। মিছিল এগোতে বাধা দিলে, পুলিশের সঙ্গে সমর্থকদের হাতাহাতি বেধে যায়।

SFI সহ বিভিন্ন ছাত্র ও শিক্ষক সংগঠনও আজ পৃথক প্রতিবাদ কর্মসূচীতে শামিল হয়েছে। বিকেলে SFI-এর পক্ষ থেকে শিয়ালদা স্টেশনে জমায়েতের ডাক দেওয়া হয়। মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতিও বিকাশ ভবন অভিযান করছে।

**********************

কংগ্রেস, শীর্ষ আদালতের রায়ে প্রায় ২৬ হাজার শিক্ষক শিক্ষিকার চাকরি হারানোর ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে । রাজ্যের শাসকদলের দুর্নীতির কারণেই এত জনকে চাকরি হারাতে হলো বলে প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চট্টোপাধ্যায় অভিযোগ করেন । তাঁর নেতৃত্বে প্রদেশ কংগ্রেসের এক প্রতিনিধি দল আজ শহীদ মিনার ময়দানে অবস্থান মঞ্চে গিয়ে তাদের পাশে দাঁড়ানোর বার্তা দিয়েছেন । আশুতোষ বাবু আরও অভিযোগ করেন শিক্ষা দপ্তর থেকে শুরু করে সর্বস্তরে শাসক দল দুর্নীতির সঙ্গে যুক্ত। এর বিরুদ্ধে আন্দোলন সংঘটিত করতে হবে।

( বাইট- আশুতোষ)

**********************

সুপ্রিম কোর্টের রায়ে প্রায় প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষা কর্মীর চাকরি বাতিলের পর আজ'ও বিভিন্ন জেলা থেকে প্রতিবাদ আন্দোলনের খবর মিলেছে।

এই ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পদত্যাগ দাবি করে **শিলিগুড়িতে** আজ বিজেপির সাংগঠনিক জেলা কমিটির পক্ষ থেকে এক প্রতিবাদ মিছিল বের করা হয়।

**বাঁকুড়াতেও** তৃণমূল কংগ্রেস সরকারের দুর্নীতির প্রতিবাদে **মাচানতলায়** বিক্ষোভ মিছিল ও সভা করে ভারতীয় জনতা যুব মোর্চা।

**পশ্চিম বর্ধমানের আসানসোলে** জেলা স্কুল শিক্ষা পরিদর্শকের অফিসের সামনে বিক্ষোভ দেখায় বিজেপি।

অন্যদিকে, SSC নিয়োগে রাজ্য সরকারের দুর্নীতির প্রতিবাদে **উত্তর দিনাজপুরের রায়গঞ্জে** ABVP-র বিক্ষোভকে ঘিরে ব্যাপক উত্তেজনা ছড়ায়।

এদিকে, CPIM, **দক্ষিণ ২৪ পরগণার** কাকদ্বীপে SSC দুর্নীতির প্রতিবাদে আজ বিক্ষোভ মিছিল করে।

**********************

প্রাথমিকের ডিএলএড মামলায় সুপ্রিম কোর্ট, হাইকোর্টের তৎকালীন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের রায় বহাল রেখেছে।

কলকাতা হাই কোর্টের ডিভিশন বেঞ্চের রায় খারিজ করে আজ বিচারপতি পিএস নরসিমহা এবং বিচারপতি জয়মাল্য বাগচীর বেঞ্চ জানায়, সিঙ্গল বেঞ্চের রায় মেনেই নিয়োগ করা যাবে।

২০২২ সালের ২৯ সেপ্টেম্বর প্রাথমিকের নিয়োগ প্রক্রিয়ায় ১১ হাজার ৭৫৮ পদে শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি দেয় পর্ষদ। সেই সময় প্রথম বিজ্ঞপ্তি দিয়ে তারা জানায়, যাঁরা চলতি শিক্ষাবর্ষে ডিএলএডের প্রশিক্ষণ নিচ্ছেন, তাঁরাও নিয়োগে অংশ নিতে পারবেন। পর্ষদের ওই সিদ্ধান্তের বিরুদ্ধে হাইকোর্টে মামলা দায়ের হয়। ২০২২ সালের সেপ্টেম্বর হাই কোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় পর্ষদের সিদ্ধান্তকেই মান্যতা দেন। বিচারপতি গঙ্গোপাধ্যায়ের ওই নির্দেশ এবং পর্ষদের বিজ্ঞপ্তি খারিজ করে দেয় হাইকোর্টের তৎকালীন বিচারপতি সুব্রত তালুকদার এবং বিচারপতি সুপ্রতিম ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ। ডিভিশন বেঞ্চের রায়কে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে যান ওই শিক্ষাবর্ষের ডিএলএড প্রশিক্ষণরতদের একাংশ। সেই মামলারই আজ শুনানি ছিল।

**********************

রাজ্য বিধানসভার গত অধিবেশনে শিক্ষামন্ত্রী পার্শ্বশিক্ষকদের প্রতি অপমানজনক মন্তব্য করেছেন এই দাবি তুলে তার প্রতিবাদে পার্শ্ব শিক্ষক ঐক্য মঞ্চ আগামী ৭, ৮ ও ৯ এপ্রিল রাজ্য জুড়ে স্কুল বয়কটের ডাক দিয়েছে। মঞ্চের আহ্বায়ক ভগীরথ ঘোষ আজ একথা জানিয়েছেন।

**********************

উত্তর ২৪ পরগনার রাজারহাটে দক্ষিণ নারায়ণপুরে আজ দুপুরে তৃণমূল কংগ্রেসের ২টি গোষ্ঠীর মধ্যে সংঘর্ষের জেরে কয়েক রাউন্ড গুলি চলে বলে অভিযোগ। চলে বাড়ি ভাঙচুরও। বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে গেলেও কাউকে গ্রেফতার করা যায়নি।

স্থানীয় বাসিন্দাদের দাবী, তৃণমূল কংগ্রেস বিধায়ক তাপস চ্যাটার্জীর গোষ্ঠীর সঙ্গে দলেরই সব্যসাচী দত্তর গোষ্ঠী, সংঘর্ষের জেরে এই ঘটনা।

শাসক দলের তরফে অবশ্য এই অভিযোগের সত্যতা এখনো স্বীকার করা হয়নি। সব্যসাচী বাবুর দাবি, যারা এসব করেছে, তারা দুষ্কৃতী। মমতা ব্যানার্জী দুষ্কৃতীদের প্রশ্রয় দেন না। অন্যদিকে, তাপস চট্টোপাধ্যায় বলেন, রাজারহাট-নিউ টাউন এলাকায় সকলেই তাঁর অনুগামী। তাঁরা কেউই দুষ্কৃতী নন। জনমানসে তাঁর ভাবমূর্তি নষ্ট করার জন্যই এই ধরণের ঘটনা ঘটানো হচ্ছে।

( বাইট- তাপস )

এদিকে রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম বলেন , ঘটনায় পুলিশ কমিশনারকে কড়া ব্যবস্থা নেওয়ার জন্য তিনি নির্দেশ দিয়েছেন। অন্যায় করলে কেউ ছাড় পাবে না বলে মন্তব্য করেন ফিরহাদ ।

**********************

দক্ষিণ ২৪ পরগণার পাথর প্রতিমার ঢোলাহাটে বাজি বিস্ফোরণে অন্যতম অভিযুক্ত তুষারকান্তি বণিককে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়েছে। তাকে আজ কাকদ্বীপ মহকুমা আদালতে তৈলা হলে বিচারক এই নির্দেশ দেন।
আজই সকালে তুষারকে ঢোলাহাট থেকে গ্রেফতার করে পুলিশ। দাদা চন্দ্রকান্তের সঙ্গে মিলে এই বেআইনি বাজির ব্যবসা চালাচ্ছিল তারা। চন্দ্রকান্তকে পুলিশ আগেই গ্রেফতার করে। সে বর্তমানে পুলিশ হেফাজতে রয়েছে।

উল্লেখ্য, বিস্ফোরণে ৪ টি শিশু সহ ৮ জনের মৃত্যু হয়। এরা সকলেই বণিক পরিবারের সদস্য।

**********************

দিল্লি হাইকোর্ট থেকে কলকাতা হাইকোর্টে বদলি হয়ে আসা বিচারপতি দীনেশ কুমার শর্মার শপথ গ্রহণ অনুষ্ঠানে হাইকোর্টের আইনজীবীদের তিনটি সংগঠনকে উপস্থিত থাকার অনুরোধ জানিয়েছেন প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম। আইনজীবীদের তিনটি

সংগঠন শপথ গ্রহণ অনুষ্ঠানে হাজির না থাকার যে সিদ্ধান্ত নিয়েছিল তা পুনর্বিবেচনা করতে আইনজীবীদের অনুরোধ জানিয়ে প্রধান বিচারপতি ওই তিনটি সংগঠনকে চিঠি লিখেছেন।

**********************

রামনবমীকে কেন্দ্র করে আগামী রবিবার কোন রকম অপ্রীতিকর ঘটনা এড়াতে রাজ্য সরকার বিভিন্ন স্পর্শকাতর জেলায় বাড়তি নজরদারির সিদ্ধান্ত নিয়েছে। আগামীকাল অর্থাৎ ৫ই এপ্রিল থেকে সোমবার ৭ই এপ্রিল হাওড়া শহর, গ্রামীন, ব্যারাকপুর, চন্দননগর, মুর্শিদাবাদ, শিলিগুড়ি, মালদা, ইসলামপুর, কোচবিহারের বিভিন্ন জায়গায় ২৯ জন আইপিএস আধিকারিককে দায়িত্ব দিয়ে রাজ্য পুলিশের তরফে তার তালিকা জেলাগুলিতে পাঠিয়ে দেওয়া হয়েছে।

উল্লেখ্য এর আগে এই কারনে দুই থেকে ৯ই এপ্রিল পর্যন্ত পুলিশের সব স্তরের কর্মীদের ছুটি বাতিল করা হয়।

**********************

রাজ্যের সাওতালডিহি তাপবিদ্যুত কেন্দ্র, বিদ্যুত মন্ত্রকের অধীনস্থ ‘সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটি’র বিচারে দেশের ২০১ টি তাপবিদ্যুৎ কেন্দ্রের মধ্যে সেরার শিরোপা পেয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ এক্স হ্যান্ডেলে এ কথা জানিয়েছেন। এর সঙ্গে বক্রেশ্বর দ্বিতীয়, সাগরদিঘী চতুর্থ এবং ব্যান্ডেল তাপবিদ্যুত কেন্দ্র রয়েছে নবম স্থানে ।

দেশের মধ্যে সর্বোচ্চ সংস্থার মর্যাদা পাওয়ায় মুখ্যমন্ত্রী এই কাজের সঙ্গে যুক্ত সব আধিকারিক, ইঞ্জিনিয়ার ও অন্য কর্মীদের অভিনন্দন জানিয়েছেন।

*********************************************************